

## সন্ত্রাসমূলক অপরাধ দমন (বিশেষ বিধান) আইন, ১৯৯৪

১৯৯৪ সনের ২১ নং আইন

[১৭ ডিসেম্বর ১৯৯৪]

সন্ত্রাসমূলক অপরাধ দমন আইন, ১৯৯২ এর মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখে বা তৎপূর্বে উক্ত আইনের অধীন রুজুকৃত ও অনিষ্পন্ন মামলা, আপীল ও অন্যান্য কার্যধারা নিষ্পত্তি এবং নিষ্পন্নকৃত তদন্তের ভিত্তিতে মামলা ও অন্যান্য কার্যধারা পরিচালনা ও আনুষঙ্গিক বিষয়ে বিধান করার জন্য প্রণীত আইন।

যেহেতু সন্ত্রাসমূলক অপরাধ দমন আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৪৪ নং আইন) এর মেয়াদ উক্ত আইনের ১(২) ধারা অনুযায়ী, ২১ শে কার্তিক, ১৪০১ মোতাবেক ৫ই নভেম্বর ১৯৯৪ তারিখে উত্তীর্ণ হইয়াছে;

এবং যেহেতু উক্ত মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখে বা তৎপূর্বে রুজুকৃত এবং অনিষ্পন্ন মামলা, আপীল ও অন্যান্য কার্যধারা নিষ্পত্তি করা এবং নিষ্পন্নকৃত তদন্তের ভিত্তিতে মামলা ও অন্যান্য কার্যধারা পরিচালনা ও আনুষঙ্গিক বিষয়ে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনামা ও  
প্রবর্তন

১। (১) এই আইন সন্ত্রাসমূলক অপরাধ দমন (বিশেষ বিধান) আইন, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

(২) এই আইন ১৬ই কার্তিক, ১৪০১ মোতাবেক ৩১শে অক্টোবর, ১৯৯৪ তারিখে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

সংজ্ঞা

২। এই আইনে “তদন্ত নিষ্পন্ন” বলিতে সন্ত্রাসমূলক অপরাধ দমন আইন, ১৯৯২ (১৯৯২ সনের ৪৪ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর বিধান অনুযায়ী কোন অপরাধ সম্পর্কে তদন্ত শেষে Code of Criminal Procedure, 1898 (Act V of 1898), অতঃপর উক্ত Code বলিয়া উল্লিখিত, এর Section 173 এর অধীনে পুলিশ রিপোর্ট দাখিল করাকে বুঝাইবে।

৩। উক্ত আইন এর ধারা ১(২) অনুযায়ী উহার মেয়াদ উত্তীর্ণ হওয়া সত্ত্বেও-

১৯৯২ সনের ৪৪ নং  
আইনের অধীন  
কতিপয় কার্যধারা  
নিষ্পত্তিকরণ

- (ক) উক্ত আইনের মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখে বা তৎপূর্বে উক্ত আইনের অধীন যে সকল অপরাধের তদন্ত নিষ্পন্ন হইয়াছে, সেই সকল অপরাধের বিচারের জন্য উক্ত আইন অনুসারে মামলা, আপীল, অধিকতর তদন্তসহ প্রয়োজনীয় অন্যান্য সকল কার্যধারা এইরূপে গ্রহণ ও নিষ্পন্ন করিতে হইবে, যেন উক্ত আইনের মেয়াদ উত্তীর্ণ হয় নাই;
- (খ) উক্ত আইনের মেয়াদ উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পূর্বে তদধীনে যে সকল মামলা, আপীল এবং প্রয়োজনীয় অন্যান্য কার্যধারা উক্ত আইনের অধীন স্থাপিত ট্রাইব্যুনালে বা অন্য কোন আদালতে বা, ক্ষেত্রমত, অধিকতর তদন্ত কোন তদন্তকারী কর্তৃপক্ষের নিকট উক্ত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পরও নিষ্পন্নান্বিত থাকে বা নিষ্পন্ন করার প্রয়োজন হয়, সেই সকল মামলা, আপীল, অধিকতর তদন্ত এবং অন্যান্য কার্যধারা এইরূপে গ্রহণ ও নিষ্পন্ন করিতে হইবে, যেন উক্ত আইনের মেয়াদ উত্তীর্ণ হয় নাই;
- (গ) দফা (ক) ও (খ) এর অধীন মামলা ও অন্যান্য সকল কার্যধারা নিষ্পন্ন করার উদ্দেশ্যে উক্ত আইনের অধীন স্থাপিত সকল ট্রাইব্যুনাল, সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিলুপ্ত না হওয়া পর্যন্ত, বহাল থাকিবে।

৪। যেক্ষেত্রে উক্ত আইনের অধীন কোন অপরাধের তদন্ত উক্ত আইনের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বে নিষ্পন্ন না হয়, সেই ক্ষেত্রে উক্ত Code এর বিধান অনুসারে উহার তদন্ত নিষ্পন্ন করিতে হইবে; এবং উক্ত আইন প্রণীত না হইলে অপরাধটির বিচার এবং তদুদ্দেশ্যে অন্যান্য কার্যধারা যে আইন অনুসারে এবং যে আদালতে বা ট্রাইব্যুনালে পরিচালিত হইত সেই আইন অনুসারে এবং সেই আদালতে বা ট্রাইব্যুনালে পরিচালিত হইবে।

১৯৯২ সনের ৪৪ নং  
আইনের অধীন  
অপরাধের অনিষ্পন্ন  
তদন্তের নিষ্পত্তি ও  
বিচার

৫। (১) এতদ্বারা সন্ত্রাসমূলক অপরাধ দমন (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৯৪ (১৯৯৪ সনের ৫ নং অধ্যাদেশ) রহিত করা হইল।

রহিতকরণ ও  
হেফাজত

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশের অধীনেকৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীনে কৃত বা গৃহীত বলিয়া গণ্য হইবে।